

এম এ মজিদ সায়েঙ্গ কলেজ
বিষয়: পৌরনীতি ও সুশাসন প্রথম পত্র
অধ্যায় ও শিরোনাম : প্রথম- পৌরনীতি ও সুশাসন পরিচিতি
জ্ঞানমূলক প্রশ্নাবলি ও উত্তরমালা

১। পৌরনীতির যাত্রা শুরু হয়েছিল কখন?

উত্তর : আনুমানিক খ্রিষ্টপূর্ব ১০০০ অব্দে।

২। পৌরনীতির জনক কে?

উত্তর : এরিস্টটল।

৩। পৌরনীতির ইংরেজি শব্দ কী?

উত্তর : Civics.

৪। ইংরেজি Civics শব্দটি কোন দুটি ল্যাটিন শব্দ থেকে এসেছে?

উত্তর : Civis ও Civitas [নাগরিক ও নগররাষ্ট্র]

৫। পুর বা পুরী কীধরনের শব্দ এবং এর অর্থ কী?

উত্তর : সংস্কৃত শব্দ যার অর্থ হলো নগর।

৬। প্রাচীনকালের রাষ্ট্রগুলো কীরূপ ছিল?

উত্তর : নগররাষ্ট্র (City state)।

৭। প্রাচীনকালের কয়েকটি নগর রাষ্ট্রের নাম লিখ।

উত্তর : এথেন্স, স্পার্টা, রোডস, ম্যাসিডন, আরগস ও মেগেরা প্রভৃতি।

৮। প্রাচীনকালে কাদেরকে নাগরিক বলা হতো?

উত্তর : যারা রাজনৈতিক অধিকার ভোগ করত। (আনুমানিক ৭%)

৯। কে পৌরনীতিকে 'Education for citizenship' হিসেবে আখ্যায়িত করেছেন?

উত্তর : আমেরিকান শিড়্জা দার্শনিক রবার্ট হাচিনস।

১০। পৌরনীতি ও সুশাসন কোন বিজ্ঞানের অঙ্গগত?

উত্তর : সামাজিক বিজ্ঞান।

১১। পৌরনীতি কীধরনের বিজ্ঞান?

উত্তর : নাগরিকতা বিষয়ক বিজ্ঞান।

১২। সংকীন অর্থে পৌরনীতি কী?

উত্তর : নাগরিকদের অধিকার ও কর্তব্য বিষয়ক বিজ্ঞান।

১৩। ব্যাপক অর্থে পৌরনীতি কী?

উত্তর : পৌরনীতি হলো নাগরিকতার বিজ্ঞান (Science of citizenship)

১৪। উৎপত্তিগত অর্থে পৌরনীতি কী?

উত্তর : নগর ও নগরবাসী সম্পর্কিত রীতি-নীতি, আচার-অনুষ্ঠান নিয়ে জ্ঞানের যে শাখা গড়ে ওঠেছে তাই পৌরনীতি।

১৫। শাব্দিক অর্থে পৌরনীতি কী?

উত্তর : পৌরনীতি হলো নগররাষ্ট্রে বসবাসরত নাগরিকদের আচরণ ও কার্যাবলি সংক্রান্ত বিজ্ঞান।

১৬। নাগরিক জীবনের অপর নাম কী?

উত্তর : পৌর জীবন।

১৭। পৌরনীতি কী?

উত্তর : পৌরনীতি (Civics) হচ্ছে এমন একটি শাস্ত্র, যা নাগরিকের অধিকার ও কর্তব্য, নাগরিকের অতীত, বর্তমান ও ভবিষ্যৎ জীবন এবং নাগরিকের স্থানীয়, জাতীয় ও আন্তর্জাতিক প্রতিষ্ঠান সম্পর্কে আলোচনা করে।

১৮। পৌরনীতি সম্পর্কে ই এম হোয়াইট এর সংজ্ঞাটি লিখ।

উত্তর : “নাগরিকতার সাথে জড়িত সকল প্রশ্ন সম্পর্কে যে শাস্ত্র আলোচনা করে, তাই পৌরনীতি।”

১৯। পৌরনীতি সম্পর্কে এফ. আই. গন্সার্ডের সংজ্ঞাটি লিখ।

উত্তর : “যে সকল প্রতিষ্ঠান, অভ্যাস, কার্যাবলি ও চেতনার দ্বারা মানুষ রাষ্ট্রীয় বা রাজনৈতিক সমাজের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন এবং অধিকার ভোগ করতে পারে তার অধ্যয়নই হচ্ছে পৌরনীতি”।

২০। পৌরনীতির মূল উদ্দেশ্য কী?

উত্তর : আদর্শ নাগরিক জীবনের শিড়্গা দানই পৌরনীতির মূল উদ্দেশ্য।

২১। কে সর্বপ্রথম অর্থনীতিকে একটি স্বতন্ত্র বিষয়ের মর্যাদা দান করেন?

উত্তর : অর্থনীতির জনক এডাম স্মিথ।

২২। পৌরনীতি ও সুশাসনের পরিধি ও বিষয়বস্তু কতদূর পর্যন্ত বিস্তৃত?

উত্তর : নাগরিক জীবন যতদূর পর্যন্ত বিস্তৃত।

২৩। কোন দুটি গ্রিক শব্দ থেকে ইংরেজি Politics শব্দটি এসেছে?

উত্তর : Polites ও Polis থেকে যার অর্থ নাগরিক ও নগররাষ্ট্র।

২৪। সুশাসন কী?

উত্তর : রাষ্ট্রের সকল পর্যায়ে আইনের শাসন এবং সরকারের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার মাধ্যমে উত্তম

উপায়ে পরিচালিত শাসনব্যবস্থাকে সুশাসন (Good Governance) বলে।